দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 06 MAR 2017 ...
পৃষ্ঠা ...১৩... কলাম ...২...

# দেওয়ানগঞ্জে পরীক্ষার ফি দিতে না পারায় ভর্তি বাতিল!

■ জামালপুর প্রতিনিধি

দেওয়ানগঞ্জ উপজেলার শেখপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এক দরিদ্র শিক্ষার্থী পরীক্ষার ফি দিতে না পারায় তার ভর্তি বাতিল করেছেন প্রধান শিক্ষক সেরাতুল মনিরা। শিক্ষার্থীর নাম অনজু মিয়া।

অপরদিকে শেখপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি মো. শহিদুল্লাহ বলেন, ছয় বছর আগে প্রধান শিক্ষক সেরাতুল মনিরা বিদ্যালয়ে যোগদানের পর থেকে নানা অনিয়ম, দুর্নীতি ও ক্ষমতা অপব্যবহার করে আসছেন।

প্রধান শিক্ষক সেরাতুল মনিরাকে পরীক্ষার ফি দিতে না পারায় ওই বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির ছাত্র অসহায় দিনমজুরর ছেলে অনজু মিয়ার ভর্তি বাতিল করে তাকে তাড়িয়ে দিয়েছেন। এ ব্যাপারে পঞ্চম শ্রেণির ছাত্র অনজু মিয়ার বাবা কাসিদ আলী উপজেলা ও জেলা শিক্ষা কর্মকর্তার কাছে পৃথক অভিযোগ করেও এর কোনো প্রতিকার না পেয়ে হতাশায় ভুগছেন।

শেখপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রবীণ সহকারী শিক্ষক মো. মোখলেছুর রহমান বলেন, প্রধান শিক্ষককে না জানিয়ে অনজু মিয়াকে বিদ্যালয়ে ভর্তি করার অপরাধে ম্যানেজিং কমিটির সদস্যদের সামনেই গত ৪ ফেব্রুয়ারি আমাকে শারীরিক ও মানসিকভাবে লাঞ্ছিত করেছেন প্রধান শিক্ষক। পরে তিনি ভর্তি বাতিল করে অনজু মিয়াকে বিদ্যালয় থেকে তাড়িয়ে দিয়েছেন।

এদিকে শেখপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সেরাতুল মনিরা জানান, ছাত্র ভর্তি বাতিলসহ অন্যান্য অভিযোগ সঠিক নয়। কিছু সংখ্যক মানুষ আমাকে সামাজিকভাবে হয়রানি করতে কর্তৃপক্ষের কাছে মিথ্যা অভিযোগ দাখিল করেছেন।

দেওয়ানগঞ্জ উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আফতাব উদ্দিন জানান, শেখপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে অভিযোগ পেয়েছি। অভিযোগ তদন্তের জন্য সহকারী শিক্ষা কর্মকর্তাকে দায়িত্ব দেওয়া হয়েছে।